**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 16-08-2026**
**Time: 7.35-7.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Independent Day-PM:

সারা দেশে গতকাল যথাযোগ্য মর্যাদায় আশিতম স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিল্লির ঐতিহাসিক লালকেল্লায় জাতীয় পতাকা উত্তোলন করেন| প্রথমবারের মতো লালকেল্লায় গতকাল জাতীয় সঙ্গীত 'বন্দে মাতরম' পরিবেশন করা হয়।

জাতির উদ্দেশে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেছেন, গত বারো বছরে দেশের কোটি কোটি নাগরিক তাঁদের দৃঢ় সংকল্প ও নিষ্ঠার মাধ্যমে দেশকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার জন্য সম্ভাব্য সবরকম প্রচেষ্টা করেছেন। এর ফলে ২৫ কোটি মানুষ দারিদ্র্যসীমা থেকে বেরিয়ে এসেছেন। ভারত এখন বিশ্বের একটি প্রধান এবং দ্রুততম বর্ধনশীল অর্থনীতি হিসেবে আবির্ভূত হয়েছে। ভারত ২০৪৭ সালের মধ্যে একটি উন্নত রাষ্ট্র হওয়ার বড় লক্ষ্য নির্ধারণ করেছে।

স্বাধীনতা দিবসের ভাষণে দেশের যুবসমাজের জন্য বিনামূল্যে অনলাইন কোচিংয়ের ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তরুণ-তরুণীদের প্রতিযোগিতামূলক পরীক্ষা ও উচ্চশিক্ষার প্রস্তুতিতে আরও সুযোগ করে দিতেই এই উদ্যোগ বলে জানান তিনি।

######## Byte PM ########

শ্রী মোদী আরও বলেন, সরকার আগামীতে একটি প্রাণবন্ত 'নাগরিক সুরক্ষা' বা 'সিভিল ডিফেন্স' নেটওয়ার্ক গড়ে তুলবে।

****************************

**Independent Day-CM:**

সারা দেশের সঙ্গে গতকাল রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। রাজ্যের মূল অনুষ্ঠানটি হয় আগরতলার আসাম রাইফেলস ময়দানে। জাতীয় পতাকা উত্তোলন করেন ও বিভিন্ন বাহিনীর সমবেত কুচকাওয়াজ পরিদর্শন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

অনুষ্ঠানে প্রথমবারের মত পুলিশ ব্যান্ডে বন্দেমাতরম জাতীয় সঙ্গীত পরিবেশিত হয়| আসাম রাইফেলস ময়দানে রাজ্যবাসীর উদ্দেশ্যে ভাষণে মুখ্যমন্ত্রী বলেন, এই বিশেষ দিনটি আমাদের আত্মনির্ভরশীল ও বিকশিত ভারত গড়ার সংকল্পের প্রতীক। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে গত ১২ বছরে দেশে আর্থ সামাজিক ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। মুখ্যমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রীর সবকা সাথ, সবকা বিশ্বাস, সবকা প্রয়াস এই মূল মন্ত্রকে পাথেয় করে দেশ এক নতুন আশা আকাঙ্ক্ষার ভারত হিসাবে এগিয়ে চলছে।

######## Byte CM ########

****************************

**Independent Day-Governor:**

দেশের ৮০তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল আগরতলায় মহাত্মা গান্ধীর মূর্তিতে, গান্ধী বেদীতে এবং অ্যালবার্ট এক্কা পার্কের শহীদ বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান।

রাজ্যপাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী ভাবনায় 'বিকশিত ভারত' গড়ে তোলার লক্ষ্যে গৃহীত বিভিন্ন উদ্যোগে সক্রিয়ভাবে অবদান রাখতে তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানান।

****************************

**Independent Day-ADC :**

এডিসি'র উদ্যোগে স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানটি হয় খুমুলুং-এ খুম্পুই একাডেমী স্কুল মাঠে| সেখানে জাতীয় পতাকা উত্তোলন করেন এডিসি'র মুখ্য কার্যনির্বাহী সদস্য রুনিয়েল দেববর্মা|

****************************

**Independence Day at MBB U:**

আগরতলায় এম বি বি বিশ্ববিদ্যালয়ে গতকাল যথাযত মর্যাদায় ৮০ তম স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ বিভাস দেব জাতীয় পতাকা উত্তোলন করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ সুমন্ত চক্রবর্তী, পরীক্ষা নিয়ামক রুনু ধর সহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ছাত্র ছাত্রীরা উপস্থিত ছিলেন।

****************************

**CM- Press Club:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন রাজ্যের বর্তমান সরকার সংবাদ মাধ্যম ও সাংবাদিকদের স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলিতে সর্বদা ইতিবাচক ও সহায়ক দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করে চলেছে। গতকাল আগরতলা প্রেস ক্লাবে লিফট পরিষেবার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন স্বাধীন পরিবেশে সত্যনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে সাধারণ মানুষের স্বার্থে গুরুত্বপূর্ণ ভূমিকা

পালন করে চলেছে সংবাদ মাধ্যম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা প্রেসক্লাবের সভাপতি প্রণব সরকার, সম্পাদক রমাকান্ত দে সহ অন্যান্যরা।

****************************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরে আগরতলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি।

****************************

****************************